

HUMAN RIGHTS FORUM BANGLADESH (HRFB)

০৯ এপ্রিল ২০১৮

শিক্ষার্থী ও চাকুরিপ্রত্যাশীদের শান্তিপূর্ণ আন্দোলনে আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর হামলা হিউম্যান রাইটস ফোরাম বাংলাদেশ (এইচআরএফবি)-এর তীব্র নিন্দা ও গভীর উদ্বেগ প্রকাশ

সরকারি চাকুরিতে নিয়োগের ক্ষেত্রে বিদ্যমান কোটা পদ্ধতির সংক্ষারের দাবিতে শিক্ষার্থী ও চাকুরিপ্রত্যাশীদের চলমান শান্তিপূর্ণ আন্দোলনকে ছত্রভঙ্গ করতে তাদের ওপর রাবার বুলেট ও কাঁদানে গ্যাস ছুঁড়েছে আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর সদস্যরা। এতে প্রায় অর্ধশতাধিক শিক্ষার্থী গুরুতর আহত হয়েছেন। হিউম্যান রাইটস ফোরাম বাংলাদেশ (এইচআরএফবি) সাধারণ শিক্ষার্থী ও চাকুরিপ্রত্যাশীদের ওপর হামলার ঘটনায় তীব্র নিন্দা ও গভীর উদ্বেগ প্রকাশ করছে।

গণমাধ্যম সূত্র মতে, সরকারি চাকুরিতে নিয়োগের ক্ষেত্রে বিদ্যমান ৫৬ শতাংশ কোটা কমিয়ে ১০ শতাংশে নিয়ে আসা সহ সুনির্দিষ্ট ৫ দফা দাবিতে গত ২৭ ফেব্রুয়ারি থেকে শান্তিপূর্ণ আন্দোলন করে আসছেন দেশের বিভিন্ন বিশ্ববিদ্যালয় ও কলেজের শিক্ষার্থী এবং চাকুরিপ্রত্যাশীরা। গত ৮ এপ্রিল, ২০১৮ পূর্ববেষ্টিত কর্মসূচি অনুযায়ী আন্দোলনকারী শিক্ষার্থী ও চাকুরিপ্রত্যাশীরা শাহবাগে অবস্থান নিলে রাত ৮ টার দিকে আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনী তাদেরকে ছত্রভঙ্গ করে দেয়ার উদ্দেশ্যে তাদের লক্ষ্য করে রাবার বুলেট ও কাঁদানে গ্যাস ছুঁড়ে। আকশ্মিক এ হামলার ঘটনায় অনেকেই গুরুতর আহত হয়েছেন। আন্দোলনকারীদের ভাষ্য মতে প্রায় ২১৭ জন আহত হয়েছেন এবং আহতরা ঢাকা মেডিকেল, বিএসএমএমইউ ও বারডেম সহ বিশ্ববিদ্যালয়ের আশেপাশের হাসপাতালে চিকিৎসা নিচ্ছেন। এছাড়াও ঘটনাস্থল থেকে আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনী প্রায় ৪০ জনকে আটক করেছে বলেও জানা গেছে। পাশাপাশি, এ সময় ছাত্রলীগের কয়েকজন নেতাকর্মীরাও আন্দোলনকারীদের ওপর হামলা করেছেন বলে অভিযোগ উঠেছে। এইচআরএফবি সাধারণ শিক্ষার্থী ও চাকুরিপ্রত্যাশীদের দাবী আদায়ের শান্তিপূর্ণ আন্দোলনের উপর আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনী এবং ছাত্রলীগের এ ধরনের হামলা ও বাধার প্রতি তীব্র নিন্দা এবং প্রতিবাদ জানাচ্ছে।

আমরা লক্ষ্য করেছি, সাম্প্রতিক সময়ে বেশ কয়েকটি ক্ষেত্রে আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনী শান্তিপূর্ণভাবে আন্দোলনরতদের লক্ষ্য করে রাবার বুলেট, কাঁদানে গ্যাস ছুঁড়ে এবং তাদের ছত্রভঙ্গ করে দিতে হামলা চালাচ্ছে। শান্তিপূর্ণ আন্দোলন ঠেকাতে এমন মারমুখী আচরণ প্রকৃতপক্ষে নাগরিকের সংবিধান স্বীকৃত সভা-সমাবেশের অধিকার এবং চিন্তা ও মত প্রকাশের অধিকারের চরম লজ্জন। আমরা বারবার উল্লেখ করছি যে, এ ধরনের ঘটনা জনগণের নাগরিক ও রাজনৈতিক অধিকার চর্চার পথ সংকুচিত করে দেয়, যা প্রকৃতপক্ষে সহিংসতা আর চরমপঞ্চাকেই উসকে দেয়। আমরা বিশ্ববিদ্যালয় প্রশাসন ও আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর কাছে আরো দায়িত্বশীল ভূমিকা পালনের দাবী রাখছি। পাশাপাশি এ ঘটনার সাথে জড়িত আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর সদস্যদের বিরুদ্ধে কার্যকর ব্যবস্থা গ্রহণের আহবান জানাচ্ছি।

Secretariat:

Ain o Salish Kendra (ASK), 7/17, Block-B, Lalmatia, Dhaka-1207

Phone: 8126047, 8126134, 8126137, Fax: 8126045

Email: ask@citechco.net web: www.askbd.org

Forum Members:

Ain o Salish Kendra (ASK), Acid Survivors Foundation (ASF), Association for Land Reform and Development (ALRD), Bandhu Social Welfare Society (BSWS), Bangladesh Adivasi Forum, Bangladesh Dalit and Excluded Rights Movements (BDERM), Bangladesh Institute of Labor Studies (BILS), Bangladesh Legal Aid & Services Trust (BLAST), Bangladesh Mahila Parishad (BMP), Boys of Bangladesh (BOB), FAIR, Karmojibi Nari (KN), Kapaeeng Foundation, Manusher Jonno Foundation (MJF), National Alliance of Disabled Peoples' Organizations (NADPO), Nagarik Uddyog, Naripokkho, Nijera Kori, Steps Towards Development (Steps), Transparency International Bangladesh (TIB)

Individual Experts: Dr. Hameeda Hossain, Advocate Sultana Kamal, Raja Devasish Roy